দৈনিক ইত্তেফাক

তারিখ 21 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 3

046

# আগামীকাল মেডিক্যালে ভর্তি পরীক্ষা

(ইত্তেফাক রিপোর্ট)

আগামীকাল (শুক্রবার) দেশের ৮টি মেডিক্যাল কলেজে এম, বি, বি, এস ক্লাসে মোট ১২ শত আসনে, ভর্তির জন্য ৮ হাজার ৬০৫ জন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিবে। ১৯৮৭-৮৮ সালের শিক্ষাবর্ষে ঢাকা মেডিক্যাল কলেজে ৩৫২৫ জন, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ৮৫১ জন, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ৭৮০ জন, চট্টগ্রামে ৯৯৭ জন, বরিশালে ৪৩৮ জন, রাজশাহীতে ১১৯৭ জন,

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

(১ম পৃঃ পর)

সিলেটে ১৮৫ জন ও রংপুর মেডিক্যাল কলেজে ৬৩২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করিবে। মোট পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৮৩৭ জন ছাত্র ও ১ হাজার ৭৬৮ জন ছাত্রী রহিয়াছে। ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে মোট ১১ হাজার ৭১১ জন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিয়াছিল। গত বৎসরের ন্যায় এই বৎসরও মৌখিক পরীক্ষা হইবে না। শুধু ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে পরীক্ষার্থীদের নির্বাচিত করা হইবে। এস, এস, সি বা এইচ, এস, সি, নম্বরের উপর কোন গুরুত্ব দেওয়া হইবে না। সর্বমোট ১২ শত ছাত্র-ছাত্রীকে দেশের ৮টি মেডিক্যাল কলেজে লিখিত পরীক্ষায় প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে নির্বাচিত করা হইবে। তবে উপজাতীয়দের জন্য ১৬টি ও বিদেশীদের জন্য ৫৫টি আসন সংরক্ষিত থাকিবে। স্থানীয় ছাত্রদের মোট আসনের দুই-তৃতীয়াংশ জাতীয় মেধার ভিত্তিতে পূরণ করা হইবে। বাকি ৪ শত সিট জেলা কোটার ভিত্তিতে পূরণ করা হইবে। এবার ছাত্রীদের জন্য কোন প্রকার সংরক্ষিত আসন থাকিবে না। অন্যান্য বৎসরের ন্যায় এবারও ওয়েটিং লিষ্ট থাকিবে। নির্ধারিত ১২ শত আসনে কেহ ভর্তি না হইলে বা কোন কারণে আসন শূন্য হইলে, শূন্য আসন ওয়েটিং লিষ্ট হইতে পূরণ করা হইবে।

উল্লেখ্য, ঢাকা মেডিক্যাল কলেজে যে সমস্ত ছাত্র-ছাত্রী দরখাস্ত জমা দিয়াছে তাহাদের লিখিত পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ের "কলা ভবনে" অনুষ্ঠিত হইবে। অন্যান্য মেডিক্যাল কলেজের পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। তবে রাজশাহী মেডিক্যাল কলেজে ছাত্র-ছাত্রীদের জায়গার সংকুলান না হইলে সেখানকার টি এণ্ড টি কলেজে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। সকাল ৯টা হইতে সকাল ১১টা পর্যন্ত পরীক্ষা চলিবে।